36

তারিখ 03 NOV 199[illegible]
পৃষ্ঠা ৩ কলাম ৫

দৈনিক ইনকিলাব

# শিবির কর্মীদের কক্ষে তালা ঝুলানোর প্রতিবাদে প্রক্টর অফিস ঘেরাও

**চট্টগ্রাম বিশ্ববিদ্যালয় রিপোর্টার ঃ** চট্টগ্রাম বিশ্ববিদ্যালয়ের শাহ আমানত হলে শিবির কর্মীদের বিভিন্ন কক্ষে তালা ঝুলিয়ে দেয়ার জের ধরে শিবির কর্মীদের মাঝে উত্তেজনা বিরাজ করছে। এই ঘটনার প্রতিবাদে শিবির কর্মীরা গতকাল (সোমবার) প্রক্টর তাওহীদ ওসমান খানকে দুই ঘন্টা অবরুদ্ধ করে রাখে। ভিসি প্রক্টর ও প্রভোস্টের কাছে প্রদত্ত এক স্মারকলিপিতে শিবিরের পক্ষ থেকে অভিযোগ করে বলা হয়, রবিবার রাত দেড়টায় সন্ত্রাসীরা হলের ১১৮, ২১৭, ৩২০ ও ২৩৭ নং কক্ষে তালা ঝুলিয়ে দেয়। প্রায় আধা ঘন্টা পর পুলিশ ও হল প্রভোস্ট এসে পুনরায় তালা খুলে দেন। শিবির তালা ঝুলানোর জন্য ছাত্রলীগকে দায়ী করে তাদের শাস্তির দাবীতে গতকাল সকালে মিছিল নিয়ে প্রক্টর অফিস ঘেরাও করে। তারা সকাল সাড়ে ১০টা থেকে দুপুর সাড়ে ১২টা পর্যন্ত প্রক্টরকে অবরুদ্ধ করে রাখে। এদিকে ইসলামী বিশ্ববিদ্যালয়ে ২ জন শিবির কর্মী হত্যার প্রতিবাদে শিবির ক্যাম্পাসে বিক্ষোভ মিছিল ও সমাবেশ করেছে। সমাবেশে শিবির সভাপতি মুজিবুর রহমান মনজু সভাপতিত্ব করেন।